

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
জে.এম শাখা
www.rangpur.gov.bd

নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০৯.১৪.০০২.২০. ২২৪৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯
২৬ অক্টোবর ২০২২


গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক-৬ শাখার ১১ অক্টোবর, ২০২২ তারিখের ৪৪.০০.০০০০.০৭৯.১৮.০০১.২০১৬-৪৩৪ নম্বর পরিপত্রের নির্দেশনার আলোকে রংপুর জেলায় আগামী ১৭ অক্টোবর, ২০২২ তারিখ সোমবার অনুষ্ঠিতব্য জেলা পরিষদ নির্বাচন-২০২২ উপলক্ষে ভোটকেন্দ্রের আশেপাশের এলাকায় কতিপয় যানবাহন চলাচলের উপর নিম্নরূপ নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

১। জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের আগের দিন মধ্যরাত ১২.০০ টা থেকে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত ভোটকেন্দ্রের আশেপাশের এলাকায় যান্ত্রিক যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো। সেই সাথে ভোটগ্রহণের ৩দিন পূর্বে মধ্যরাত ১২.০০ টা থেকে ভোটগ্রহণের পরবর্তী দিন সকাল ৬.০০ টা পর্যন্ত ভোটকেন্দ্রের আশেপাশে মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

২। ভোটকেন্দ্রের আশেপাশের এলাকায় ভোটগ্রহণের পূর্বে ০৩ (তিন)দিন, ভোটগ্রহণের দিন এবং ভোটগ্রহণের পরের ০৩ (তিন) দিন অর্থাৎ মোট ০৭ (সাত) দিন পর্যন্ত অস্ত্রসহ চলাচল, বহন ও প্রদর্শনের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজ যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।



(মো: আসিব আহসান)

জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর।

ফোন: ০২৫৮৯৯৬১০৪১(অফিস)

ই-মেইল: dcrangpur@mopa.gov.bd

নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০৯.১৪.০০২.২০. ২২৪৯


তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ৪। পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর।
- ৫। পুলিশ সুপার, রংপুর।
- ৬। কমান্ডিং অফিসার, ৩৩ বিজিবি, রংপুর ব্যাটালিয়ন ও ১৭ বিজিবি, রংপুর।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
- ৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রংপুর।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), রংপুর।
- ১০। সিনিয়র জেলা তথ্য অফিসার, রংপুর; (বিষয়টি মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১১। অফিসার ইনচার্জ,.....(সকল) থানা, রংপুর; (বিষয়টি ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ১২। প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, রংপুর (গণবিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
- ১৩। অফিস কপি।



জেলা ম্যাজিস্ট্রেট